প্রথম আলো

তারিখ ..2.5 DEC ..20.. ... ...
পৃষ্ঠা ... ..২... কলাম...৬৬......

# দুই বছরের মধ্যে শিক্ষার্থীর ২০ শতাংশ হবে কারিগরিতে

## অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সরকার দেশের মোট শিক্ষার্থীর ১৪ শতাংশেরও বেশি কারিগরি শিক্ষায় ভর্তি নিশ্চিত করেছে। ২০২০ সালের মধ্যে এই হার হবে ২০ শতাংশ এবং ২০৩০ সালের মধ্যে হবে ৩০ শতাংশ।

রাজধানীর আগারগাঁওয়ে গতকাল রোববার ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে অনুষ্ঠিত 'স্কিলস কমপিটিশন-২০১৭' এর চূড়ান্ত পর্বে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। কারিগরি শিক্ষার্থীদের উদ্ভাবিত দেশসেরা বিভিন্ন প্রকল্প নিয়ে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীন 'স্কিলস অ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (স্টেপ)' ২০১৪ সাল থেকে এই প্রতিযোগিতার আয়োজন করে আসছে।

শিক্ষামন্ত্রী বলেন, মোট শিক্ষার্থীর ৬০ শতাংশকে কারিগরি শিক্ষায় আনা সরকারের চূড়ান্ত লক্ষ্য। এ জন্য সরকার কাজ করছে।

প্রতিযোগিতায় প্রথম হয়েছে খুলনার হোপ পলিটেকনিক ইনস্টিটিউট, দ্বিতীয় গাজীপুরের মডেল ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি এবং তৃতীয় হয়েছে খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট। শিক্ষামন্ত্রী বিজয়ী শিক্ষার্থীদের হাতে ল্যাপটপ ও ক্রেস্ট তুলে দেন।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীরের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব এ কে এম জাকির হোসেন ভূঞা, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস, বিশ্বব্যাংকের জ্যেষ্ঠ পরিচালন কর্মকর্তা মোখলেছুর রহমান, স্টেপ প্রকল্পের পরিচালক এ বি এম আজাদ।

এর আগে সকালে এই অনুষ্ঠান উপলক্ষে একটি শোভাযাত্রা বের করা হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) আবুল কালাম আজাদ এর উদ্বোধন করেন। বিজ্ঞপ্তি